অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/7/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুউমো মার্চ 2021 সালের মধ্যে 1.5 বিলিয়ন মার্কিন ডলারের জাভিটস সেন্টারের (JAVITS CENTER) সম্প্রসারণের অধিকাংশের কাজ সম্পন্ন করার ঘোষণা দিয়েছেন

ইস্পাত এবং কংক্রিট সুপারস্ট্রাকচার সম্পূর্ণ, নন-স্ট্রাকচারাল স্টিলের চূড়ান্ত পর্বের স্থাপনার কাজ এখন চলছে - ডিজাইন-বিল্ড প্রকল্প সময়মত এবং বাজেট অনুযায়ী চলছে

আন্তর্জাতিক সমসাময়িক আসবাব মেলা (International Contemporary Furniture Fair) এবং লাইটফেয়ার (LightFair) যে দুটো হবে সম্প্রসারিত জাভিটস সেন্টারে আয়োজিত প্রথম অনুষ্ঠান, প্রায় 40,000 এরও বেশি ডিজাইন পেশাদারদের আকৃষ্ট করবে বলে আশা করা হচ্ছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো আজ ঘোষণা দিয়েছেন যে জাভিটস সেন্টারের 1.5 বিলিয়ন মার্কিন ডলারের ঐতিহাসিক সম্প্রসারণের কাজ আগামী 2021 মার্চের মধ্যে বেশিভাগ সম্পন্ন হয়ে যাবে। এই বিশাল প্রকল্পটি, যা ম্যানহাটনের ওয়েস্ট সাইডে 1.2 মিলিয়ন বর্গফুটের অনুষ্ঠান-সংশ্লিষ্ট স্থান যুক্ত করবে, সেটি সম্প্রসারণ স্টিল ও কংক্রিটের সুপারস্ট্রাকচারের সম্পন্ন হওয়া এবং নন-স্ট্রাকচারাল স্টিলের চূড়ান্ত পর্যায়ের কাজ চলমান থাকা অবস্থায় সময়মত, বাজেটের সাথে সামঞ্জস্য রেখে সম্পন্ন হবার দিকে এগিয়ে চলেছে। সাইটে সর্বশেষ স্টিল বিম যেটি স্থাপন করা হবে সেটিতে স্বাক্ষর করার উদ্দেশ্যে গভর্নর প্রকল্প দলের সদস্য এবং নির্মাণ শ্রমিকদের সাথে যোগ দেন। মার্কিন যুক্তরাষ্ট্রের ব্যস্ততম কনভেনশন সেন্টার জাভিটস সেন্টারের সম্প্রসারণ, পর্যটন, আতিথেয়তা এবং ব্যবসায়ের গন্তব্য হিসাবে নিউ ইয়র্ক সিটির নেতৃস্থানীয় ভূমিকা অব্যাহত রাখতে গভর্নর কুওমোর প্রচেষ্টাকে আরও এগিয়ে নেয়। 2021 সালের মে মাসে নতুন সম্প্রসারিত কনভেনশন সেন্টারে আয়োজিত প্রথম ইভেন্ট হবে যৌথ আন্তর্জাতিক সমসাময়িক আসবাব মেলা এবং লাইটফায়ার। সম্মিলিত ডিজাইন-শিল্পের এই ইভেন্টগুলো নিউ ইয়র্ক সিটিতে 40,000-এর বেশি ডিজাইন পেশাজীবীদের আকৃষ্ট করবে বলে ধারণা করা হচ্ছে।

"নিউ ইয়র্কবাসী কর্মোদ্যগের প্রত্যাশা করে এবং ডিজাইন-বিল্ড প্রক্রিয়াটির মাধ্যমে জাভিটস সেন্টারের সম্প্রসারণ একটি নিরাপদ, সুশৃঙ্খল প্রক্রিয়ায় ফলাফল প্রদান করছে যা এম্পায়ার স্টেটের জন্য অর্থনৈতিক কর্মকান্ডের এক নতুন তরঙ্গ তৈরি করবে," **গভর্নর কুওমো বলেন।** "এখানে অনুষ্ঠিত বড়ো আকারের ইভেন্টগুলোর উপরে বহু কর্মসংস্থান নির্ভর করায়, জাভিটস সেন্টার নিউইয়র্কের অন্যতম গুরুত্বপূর্ণ অর্থনৈতিক সম্পদ হয়ে উঠেছে এবং এই সম্প্রসারণ এটি নিশ্চিত করবে যে এটি আগত প্রজন্মের জন্য দেশের সবচেয়ে ব্যস্ত কনভেনশন সেন্টার হিসেবে বিরাজ

করবে। বাণিজ্য ও সংস্কৃতির প্রতিমূর্তি হিসাবে এটি বিশ্বের যে কোনও স্থানের মধ্যে ইভেন্টের জন্য সর্বাধিক আকাঙ্খিত স্থান হয়ে উঠবে।"

প্রদর্শনী এবং মিটিং রুমের নতুন জায়গা, ছাদের একটি কাঁচে-ঢাকা প্যাভিলিয়ন এবং ইভেন্টের পরিচালনা ও যানযট হ্রাস করতে এমন একটি ট্রাক ব্যবস্থাপুনার স্থাপনা সহ, অত্যাধুনিক সরঞ্জাম এবং সর্বাধুনিক প্রযুক্তি নিয়ে মাথা উঁচু করে দাঁড়ানো ম্যানহাটনের ওয়েস্ট সাইডে সম্প্রসারিত জাভিটস সেন্টারে শতকরা 50 ভাগ বেশি ফ্রন্ট-অফ হাউস (Front-of-house) এবং ব্যাক-অফ-হাউস (Back-of-house) থাকবে। ডিজাইন-বিল্ড প্রক্রিয়া এবং যথাযথ পরিকল্পনা ও সমন্বয়ের কল্যাণে, 1.5 বিলিয়ন মার্কিন ডলারের এই প্রকল্পটি সময়মত এবং বাজেটের সাথে সামঞ্জস্যপূর্ণ থেকে, 2021 সালের মার্চ মাসে যথাযথভাবে সম্পন্ন হবার আশা করা হচ্ছে।

নতুনভাবে সম্প্রসারিত জাভিটস সেন্টারে অনুষ্ঠিত প্রথম অনুষ্ঠানটি হবে আন্তর্জাতিক সমসাময়িক আসবাব মেলা ও আলোকমেলা, যেটি গত মাসে তাদের 2021, 2023, 2025, 2027 ও 2029 সালের অনুষ্ঠান যৌথ ভাবে জাভিটসে করার অঙ্গীকার করেছে। আসবাবপত্র, আসন, কার্পেট, মেঝে, আলোকসজ্জা, টেক্সটাইল এবং আরও অনেক কিছুতে ছড়িয়ে থাকা 600টিরও বেশি প্রদর্শককে নিয়ে গর্বিত আন্তর্জাতিক সমসাময়িক আসবাব মেলা গ্লোবাল ডিজাইনের উত্তর আমেরিকার একটি প্রধান প্ল্যাটফর্ম। আন্তর্জাতিক সমসাময়িক আসবাব মেলা 35টি দেশের প্রদর্শক এবং 14,000-এরও বেশি স্থপতি, ইন্টেরিওর ডিজাইনার, ভিজ্যুয়াল মার্চেন্ডাইজার এবং খুচরা বিক্রেতা দর্শককে আকর্ষণ করে। একইভাবে, লাইটফেয়ার বিশ্বের বৃহত্তম বার্ষিক আর্কিটেকচারাল এবং বাণিজ্যিক আলোকসজ্জা ট্রেড শো এবং সম্মেলন, যা 500-রও বেশি প্রদর্শক এবং 175 জন সম্মেলন উপস্থাপককে টেনে নিয়ে আসে। লাইটফেয়ারে 70টিরও বেশি দেশ থেকে 28,000-এরও বেশি লাইটিং ডিজাইনার, স্পেসিফায়ার, আর্কিটেক্ট এবং ইঞ্জিনিয়ারের উপস্থিতি হয়। যৌথ আন্তর্জাতিক সমসাময়িক আসবাব/লাইটফেয়ার 40,000-এরও বেশি অংশগ্রহণকারীকে সম্প্রসারিত জাভিটস সেন্টারে আকৃষ্ট করবে বলে আশা করা হচ্ছে।

সম্প্রসারণ প্রকল্পের স্টিল এবং কংক্রিটের সুপারস্ট্রাকচার পূর্ণভাবে স্থাপন করা সম্পন্ন হয়েছে, এবং স্টিল ও কংক্রিটের সকল কাজ প্রকল্পটি শুরু হবার ঠিক তিন বছর পর 2020 সালের মার্চ মাসে সম্পন্ন হবে বলে আশা করা হচ্ছে। মোট, 13,940 টন ইস্পাত গড়া হয়েছে। সম্পন্ন হবার পর, একটি 54,000 বর্গফুটের বিশেষ ইভেন্ট স্পেস সহ সম্প্রসারিত জাভিটস সেন্টারে আরও প্রায় 200,000 বর্গফুটের নতুন মিটিং রুম এবং প্রি-ফাংশন স্পেস থাকবে - যা উত্তর-পূর্বের এই ধরণের ইভেন্ট স্পেসের মধ্যে সর্ব বৃহৎ। নতুন প্রদর্শনী এবং মিটিং-এর জায়গাগুলোর সকল আলোক সজ্জা, হিটিং এবং কুলিং সিস্টেম ও ওয়্যারলেস সংযোগের সর্বশেষ প্রযুক্তি দিয়ে সজ্জিত হবে। আরো গুরুত্বপূর্ণ হচ্ছে, নতুন-সম্প্রসারিত জাভিটস সেন্টারে 500,000 বর্গফুট ইভেন্ট স্পেসের বৈশিষ্ট্য উপস্থিত থাকবে, যা এই স্থাপনাটিকে আন্তর্জাতিক ব্যবসায়িক সম্মেলনগুলিকে আকৃষ্ট করতে সহায়তা করবে।

গভর্নর কুওমো এবং এম্পায়ার স্টেট ডেভলপমেন্টের (Empire State Development) নেতৃত্বে এই প্রকল্পটি নতুন করে 6,000 কর্মসংস্থান সৃষ্টি করবে, বার্ষিক অর্থনৈতিক ক্রিয়াকলাপে বাইরে অরিতিক্ত

প্রায় 400 মিলিয়ন মার্কিন ডলার উৎপন্ন করবে এবং অত্যন্ত-গুরুত্বপূর্ণ ব্যবসায়িক সম্মেলন, পণ্য চালু করা এবং তহবিল সংগ্রহের জন্য বিশ্বজুড়ে আরও বেশি ব্লকবাস্টার ইভেন্ট আকর্ষণ করবে। প্রকল্পটি কর্মসংস্থান সৃষ্টি করা ও অর্থনৈতিক ক্রিয়াকলাপকে অনুপ্রাণিত করার উদ্দেশ্যে অত্যন্ত গুরুত্বপুর্ণ অবকাঠামো ও পরিবহন সুবিধা আপগ্রেড করার গভর্নর কুউমোর স্টেট ব্যাপী পরিকল্পনার অংশ।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট ও মনোনীত প্রধান নির্বাহী কর্মকর্তা এরিক জে. গার্টলার বলেন, "জাভিটস সেন্টার নিউ ইয়র্কের হোটেল, রেস্তোঁরা, পর্যটন ও পরিবহন শিল্পের অন্যতম শক্তিশালী সমর্থক এবং এই সম্প্রসারণ এই সংযোগটি শক্তিশালী থাকবে তা নিশ্চিত করবে। এই বিশাল প্রকল্পকে যথাসময়ে এবং বাজেটের সাথে সামঞ্জস্য রেখে এম্পায়ার স্টেটকে প্রকৃত অর্থনৈতিক সমর্থন দিয়ে - নির্মাণের কাজ যে দ্রুত গতিতে অগ্রসর হয়েছে সেটির অবদান গভর্নর কুউমো এবং ডিজাইন-বিল্ড প্রক্রিয়ার।"

নিউইয়র্ক কনভেনশন সেন্টার অপারেটিং কর্পোরেশনের সভাপতি এবং প্রধান নির্বাহী কর্মকর্তা অ্যালান স্টিল বলেন, "বিশ্বের মহানতম শহরের কেন্দ্রে এই অতুলনীয় সম্প্রসারণের কল্যাণে, নিউ ইয়র্ক সিটির ইভেন্টগুলো আর আগের মতন থাকবে না। জাভিটস সেন্টার এমন এক অনন্য স্থান যেখানে বিশ্বের সকল স্থানের ব্যবসায়ী ও সাংস্কৃতিক নেতারা আমাদের সমাজকে এগিয়ে নিয়ে যাওয়ার মত ধারণাগুলোকে ভাগ করে নেওয়ার জন্য একত্রিত হন। 1 মিলিয়ন বর্গফুটেরও বেশি নতুন জায়গা তৈরির মাধ্যমে এই ভবনটি আমাদের প্রতিবেশীদের জীবনযাত্রার মান উন্নত করার পাশাপাশি এম্পায়ার স্টেটের অর্থনৈতিক ইঞ্জিন হিসাবে তার সত্যিকারের সম্ভাব্যতায় পৌঁছবে।"

সম্প্রসারণ প্রকল্পের অংশ হিসাবে, এলাকায় যানজট ও দূষণ কমাতে নিকটবর্তী রাস্তায় বছরে 20,000-এরও বেশি ইভেন্ট-সম্পর্কিত ট্রাক স্থানান্তর করে একটি চার-স্তরের ট্রাক মার্শালিং-এর স্থাপনা তৈরি করা হবে। 27টি নতুন লোডিং ডকের সংযুক্তি ইভেন্টগুলোর জন্য মুভ-ইন (Move-in) এবং মুভ-আউট (Move-out) করার সময়ের দক্ষতা বৃদ্ধি করবে, যা অতিরিক্ত ইভেন্টের জন্য ক্যালেন্ডারে আরও স্থান তৈরি করবে। কনভেনশন সেন্টারের 6.75-একর পরিবেশবান্ধব ছাদের সাফল্যের উপর ভর করে, ম্যানহাটনের মধ্যে এই ধরনের সর্ববৃহৎ এক একর ছাদের খামার নির্মাণ করা হবে, এবং বার্ষিক 40,000 পাউন্ড পর্যন্ত পণ্য উৎপাদন করা হবে ও সভাস্থলে পরিবেশিত খাবারের মধ্যে অন্তর্ভূক্ত করা হবে। সমাপ্তির পরে, প্রকল্পটি বিদ্যমান ভবনের মত একইভাবে মার্কিন যুক্তরাষ্ট্রের পরিবেশবান্ধব ভবন কাউন্সিল (Green Building Council) কর্তৃক শক্তি এবং পরিবেশবান্ধব নকশায় নেতৃত্ব (Leadership in Energy and Environmental Design, LEED) সিলভার স্বীকৃত হবে বলে আশা করা হচ্ছে।

লেন্ডলিজ (Lendlease) এবং টার্নারের (Turner) একটি যৌথ উদ্যোগ টিভিএসডিজাইন (Tvsdesign) কর্তৃক সরবরাহকৃত ডিজাইন পরিষেবা দিয়ে সম্প্রসারণ প্রকল্পের নির্মাণের নেতৃত্ব দিচ্ছে। প্রকল্প কার্যক্রমের উত্তুঙ্গ সময়ে, ক্যাম্পাসের উত্তর প্রান্তে 3,000 এরও বেশি নির্মাণকর্মী নির্মাণ স্থলে কাজ করবে। নির্মাণ প্রক্রিয়ার এখন পর্যন্ত অন্তর্ভুক্ত থাকা উল্লেখযোগ্য বিষয়গুলো হচ্ছে:

- সম্প্রসারণের ইস্পাত এবং কংক্রিটের সুপারস্ট্রাকচার সম্পূর্ণরূপে নির্মিত হয়েছে, এবং নন-স্ট্রাকচারাল ইস্পাত এবং কংক্রিটের চূড়ান্ত কাজ চলছে;
- পাখি বান্ধব কাচের প্যানেল স্থাপন করা হচ্ছে, যা কনভেনশন সেন্টারের সবুজ ছাদ, হাডসন ইয়ার্ডস ডেভলপমেন্ট এবং হাডসন নদীর দৃশ্যকে প্রদর্শন করছে; এবং
- লিংকন টানেল (Lincoln Tunnel) সংলগ্ন সকল ভিত্তি সংশ্লিষ্ট কাজ কোনো প্রকার আকস্মিক ঘটনা ছাড়াই সম্পন্ন হয়েছিল, যেটি নকশা এবং নির্মাণ দলের জন্য একটি বড় ইঞ্জিনিয়ারিং কীর্তি।

বিশাল এই সম্প্রসারণ প্রকল্পের সাফল্যের অন্যতম চাবিকাঠি হচ্ছে জাভিটস সেন্টার নির্মাণ কাজ চলাকালে ব্যবসার জন্য উন্মুক্ত রাখা এবং দৈনন্দিন কাজ নেতিবাচকভাবে প্রভাবিত হচ্ছে না তা নিশ্চিত করা। ইভেন্ট-সম্পর্কিত কর্মকান্ড নিরবচ্ছিন্নভাবে চালিয়ে যাওয়া স্টেটের কর্মকর্তা, স্থপতি, ঠিকাদার, কনভেনশন সেন্টারের কর্মচারী এবং ইভেন্ট প্রডিউসারদের মধ্যে নিবিড় সহযোগিতার প্রমাণ। লেরার কামিং (Lehrer Cumming) এবং এইসিওএম/তিশ্মান নির্মাণ (AECOM/Tishman Construction) প্রকল্পের পরামর্শদাতা এবং প্রকল্পটির তদারককারী এম্পায়ার স্টেটের ডেভলপমন্টের সহায়ক সংস্থা নিউ ইয়র্ক কনভেনশন সেন্টার ডেভেলপমেন্ট কর্পোরেশনের (New York Convention Center Development Corporation) পরামর্শদাতা হিসাবে কাজ করছে। এইসিওএম/তিশ্মান নির্মাণ-এর নেতৃত্বে একটি নতুন ট্রান্সফর্মার বিল্ডিংয়ের উন্নয়ন কাজও চলছে। এই তিন-তলা কাঠামোটি বর্তমানে বিদ্যমান স্থাপনাটিকে বিদ্যুৎ সরবরাহ করছে এবং সম্পন্ন হবার পরে সম্প্রসারিত কনভেনশন সেন্টারে বিদ্যুৎ সরবরাহ করবে।

সম্প্রসারণ প্রকল্প উল্লেখযোগ্য বিষয়ের মধ্যে রয়েছে:

- ৩৪ তম স্ট্রিটের 11 তম এভিনিউতে নতুন কাঁচ-ঘেরা প্রবেশদ্বার;
- প্রধান প্রদর্শনী স্থানের ৭0,000 বর্গফুট যুক্ত করা সহ একটি লেভেলে 500,000 বর্গ ফুট তৈরি;
- 54,000 বর্গ ফুটের বিশেষ ইভেন্ট স্পেস সহ, 107,000 বর্গফুটের নতুন মিটিং রুমের জায়গা, উত্তরপূর্বের মধ্যে এ ধরনের বৃহত্তম জায়গা;
- 113,000 বর্গফুটের প্রি-ফাংশন স্থান;
- ছাদ প্যাভিলিয়ন এবং টেরেসে 1,500 জন ব্যবস্থা;
- 480,000 বর্গ ফুটের, চার স্তরের ট্রাক মার্শলিং স্থাপনা;
- 27টি নতুন লোডিং ডক; আর একটা
- এক একরের ছাদের খামার।

ম্যানহাটন বরো প্রেসিডেন্ট গেল এ. ব্রুয়ার বলেন, "আজকের এই ঘোষণা আমাদের বরোর ওয়েস্ট সাইডের বিবর্তনের আরেকটি মাইলফলককে তুলে ধরে, যা অনেক প্রয়োজনীয় অনুষ্ঠান এবং কমিউনিটি স্পেস প্রদান করে এবং শহরের অর্থনীতিকে পরিচালিত করে। গভর্নর কুওমো এই প্রকল্পটিকে সমাপ্তি

রেখার কাছে নিয়ে আসায় এবং নিউ ইয়র্কের ধারাবাহিক নেতৃত্বকে নিশ্চিত করার উদ্দেশ্যে তার নেতৃত্বের প্রদানের জন্য তাকে সাধুবাদ জানাই।"

সিনেটর ব্র্যাড হয়েলম্যান বলেন, "সারা বিশ্ব থেকে প্রায় 2 মিলিয়নেরও বেশি লোক প্রতি বছর জাভিটস সেন্টার পরিদর্শন করেন, যা ম্যানহাটনের ওয়েস্ট সাইডে আকর্ষণীয় প্রোগ্রাম এবং অর্থনৈতিক ক্রিয়াকলাপের সঞ্চার করে। গভর্নর কুউমো, এম্পায়ার স্টেট ডেভলপমেন্টের ভারপ্রাপ্ত কমিশনার গার্টলার এবং জাভিটস সেন্টারের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা অ্যালেন স্টিলের কল্যাণে, নতুন করে করা সংস্কার 6,000টি পর্যন্ত নতুন কর্মসংস্থান তৈরি করবে এবং ভবিষ্যতে এই স্থানটি নিউ ইয়র্ক সিটির একটি প্রাণবন্ত অংশ হিসাবে নিশ্চিত করবে। আমি 2021 সালে নতুন-সংস্কার করা জাভিটস সেন্টারে হাজার হাজার অতিথিকে স্বাগত জানাতে আমাদের শহরের অপেক্ষায় রয়েছি।"

নিউইয়র্ক স্টেট AFL-CIO প্রেসিডেন্ট মারিও সিলেন্তো বলেন, "আজকের ঘোষণাটি স্টেট জুড়ে অত্যাধুনিক উন্নয়ন ও বিকাশকে উৎসাহিত করতে গভর্নর কুওমোর নেতৃত্বের আরও একটি উদাহরণ। এই প্রকল্পটি নিউ ইয়র্কের শত শত কঠোর পরিশ্রমী নারী-পুরুষকে ভাল বেতনের চাকরি প্রদান করেছে ও সামনে চালু রাখবে এবং ম্যানহাটনের ওয়েস্ট সাইডের রূপান্তর অব্যাহত রাখবে।"

বৃহত্তম নিউ ইয়র্ক এর বিল্ডিং ও কনস্ট্রাকশন ট্রেডস কাউন্সিলের (Building and Construction Trades Council of Greater NY) প্রেসিডেন্ট গ্যারি লাবারবারা বলেন, "গভর্নর কুউমোর কল্যাণে, এই উদ্ভাবনী প্রকল্পটি নিউ ইয়র্কের কর্মীদের জন্য সলিড ইউনিয়ন চাকরির ব্যবস্থা করেছে ও অব্যাহত রাখবে এবং ওয়েস্ট সাইডে খুবই প্রয়োজনীয় কমিউনিটি স্থান নিয়ে আসবে। বৃহত্তর নিউ ইয়র্কের ভবন এবং নির্মাণ ট্রেডস কাউন্সিল, সমাপ্তির মধ্য দিয়ে জাভিটস সেন্টারের সম্প্রসারণ দেখার প্রত্যাশায় রয়েছে।"

এমারেল্ড এক্সপোজিশন (Emerald Expositions), যেটি আন্তর্জাতিক সমসাময়িক আসবাবপত্র মেলা (International Contemporary Furniture Fare, IFCC)-র মালিক এবং পরিচালনা করে, তার নির্বাহী ভাইস প্রেসিডেন্ট বলে, "নিউ ইয়র্ক সিটির প্রাণকেন্দ্রে জাভিটস সেন্টারের সম্প্রসারণ করা এটিকে দেশের অন্যতম আকাঙ্ক্ষিত স্থানে পরিণত করবে এবং আমরা গভর্নর কুউমো এবং তার দলকে তাদের সাহসী দূরদর্শিতার জন্য সাধুবাদ জানাই। নতুন স্থানগুলো আন্তর্জাতিক সমসাময়িক আসবাবপত্র মেলা (IFCC) তার অফারগুলো বৈচিত্র্যময় করতে এবং উত্তর আমেরিকার জন্য সত্যিকারের বহু-বিষয়ক নকশা সংস্থান কেন্দ্র হিসাবে কাজ করতে সমর্থ করবে।"

লাইটফেয়ার শো-এর পরিচালক ড্যান ডারবি বলেন, "জাভিটস সেন্টার নিউইয়র্কের ইভেন্ট শিল্পের কেন্দ্রস্থল এবং গভর্নর কুউমোর নেতৃত্বের কল্যাণে, এটির অভূতপূর্ব সম্প্রসারণ আমাদের শিল্পকে নতুন এবং উদ্দীপনাপূর্ণ উপায়ে বিকাশ ঘটাবে। আমরা আমাদের উপস্থিত সকলের জন্য একটি আকর্ষণীয় এবং অনুপ্রেরণামূলক লাইটফায়ার অভিজ্ঞতা উপস্থাপনের উদ্দেশ্যে কেন্দ্রের আপডেট হওয়া স্থান এবং সুযোগগুলো ব্যবহারের অপেক্ষায় রয়েছি।"

জাভিটস সেন্টার সম্পর্কে

"বিশ্বের মার্কেটপ্লেস" নামে পরিচিত, জাভিটস সেন্টারটি আই.এম পেই এবং পার্টনারসদের কর্তৃক ডিজাইন করা হয়েছিল এবং 1986 সালে উন্মুক্ত হয়। আইকনিক সুবিধাটি তখন থেকে বড় বড় সম্মেলন, বাণিজ্য অনুষ্ঠান ও বিশেষ অনুষ্ঠানের জন্য নিউ ইয়র্ক সিটির প্রাথমিক ভেন্যু হয়ে উঠেছে এবং বিশ্বের শীর্ষ 250টি ট্রেড শোর বিচরণস্থান হিসেবে কাজ করে, যা বছরে কয়েক মিলিয়ন দর্শনার্থীকে হোস্ট করে। এই বিশাল আকারের ইভেন্টগুলো বার্ষিক অর্থনৈতিক কর্মকাণ্ড হিসেবে নিউ ইয়র্ক সিটি এবং নিউ ইয়র্ক স্টেটের জন্য 2 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি উৎপাদন করে, যা স্থাপনাটির ভেতরে ও বাইরে প্রায় 18,000 কর্মসংস্থানের যোগান দেয়। ম্যানহাটনে ওয়েস্ট 34 তম এবং ওয়েস্ট 40 তম এর মধ্যে 11 তম অ্যাভিনিউতে অবস্থিত জাভিটস সেন্টারে, ওয়াইফাই অ্যাক্সেস সহ একাধিক প্রযুক্তি পরিষেবার পাশাপাশি 760,000 বর্গফুট প্রদর্শনীর স্থান, 102টি সভা কক্ষ এবং চারটি ব্যাংকুয়ে হল রয়েছে। আরও তথ্যের জন্য পরিদর্শন করুন, www.javitscenter.com।

###

অতিরিক্ত তথ্য পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন